জীবননগর শক্তি ফাউন্ডেশনের উদ্যোগে ত্রাণ বিতরণ

জীবননগর উপজেলায় শক্তি ফাউন্ডেশনের উদ্যোগে অত্র উপজেলার ৭০জন গরীর ও দুস্থ অসহায় সদস্যদের মাঝে ত্রাণ ও মাস্ক বিতরণ করেন।

এই সময় প্রধাণ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলামের পক্ষে জীবননগর থানা সেকেন্ড অফিসার বাবুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিনিয়র ম্যানেজার কিশোর কুমার রায়, জীবননগর ব্রাঞ্চ ম্যানেজার জাহাঙ্গীর হোসেন, সিনিয়র ক্রেডিট অফিসার মনিরুজ্জামান সহ শাহাদত হোসেন, শুভ্রত বিশ্বাস, মিল্টন কুমার, বিশিষ্ট ব্যবসায়ী পাংকি মিয়া, হাসাদাহ প্রেস ক্লাবের সভাপতি মতিয়ার রহমান।

চুয়াডাঙ্গায় নতুন করে ছয় পুলিশসহ ১১ করোনা রোগী শনাক্ত

চুয়াডাঙ্গা জেলায় নতুন করে ছয় পুলিশসহ ১১ করোনা রোগী শনাক্ত হয়েছে। এদের মধ্যে দর্শনা থানার এক এসআই, চার এএসআই ও এক কনস্টেবল রয়েছেন। এ নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাঁড়ালো ১১২ জনে। এদের মধ্যে ইতিমধ্যেই ৭৭ জন সুস্থ হয়েছেন এবং মারা গেছেন একজন।

গতকাল শনিবার সকালে চুয়াডাঙ্গা সিভিল সার্জন ডা. এএসএম মারুফ হাসান বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, গত ২৪ ঘণ্টায় কুষ্টিয়া ল্যাব থেকে ২৯টি নমুনার প্রতিবেদন এসেছে তার মধ্যে ১১ জন করোনা শনাক্ত হয়েছেন। এদের

মধ্যে দর্শনা থানার এসআই, এএসআই ও এক কনস্টেবলসহ ৬ জন ও আলমডাঙ্গা উপজেলায় ৫ জনসহ মোট ১১ জন করোনা ভাইরাসে আক্রান্ত।

উল্লেখ্য, গত ১৯ মার্চ চুয়াডাঙ্গায় প্রথম করোনা ভাইরাসে আক্রান্ত হন ইতালি ফেরত এক যুবক। তার বাড়ি আলমডাঙ্গায়। ইতিমধ্যে ওই যুবকসহ সুস্থ হয়েছেন ৭৭ জন।

দামুড়হুদায় ২০২০ সালে এসএসসি ও সমমানের পরীক্ষা এ+ প্রাপ্ত শিক্ষার্থীদের সংবর্ধনা

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার বিষ্ণুপুর উদয়ন সংঘ কর্তৃক আয়োজনে ২০২০ সালের এসএসসি ও সমমানের পরীক্ষা এ+ প্রাপ্ত শিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান করা হয়।

গতকাল শনিবার সকাল ১০ টার সময় এ+ প্রাপ্ত শিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান করা হয়।

এসময় অনুষ্ঠানে উদয়ন সংঘের সভাপতি মোঃ কাউছার আলী লান্টুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিষ্ণুপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ শহিদুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিষ্ণুপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান সহকারী মোঃ মুনছুর আলী, দামুড়হুদা উপজেলা শাখা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মোঃ আব্দুল মান্নান, কৃষক লীগের সাধারণ সম্পাদক মোঃ সাইদুর রহমান সন্টু, আওয়ামী লীগের সভাপতি মোঃ মতিয়ার রহমান মন্টু, সাধারণ সম্পাদক মোঃ গোলাম সারোয়ার নান্নু।

এসময় তাদের জন্য বিভিন্ন দিকনির্দেশনা মূলক বক্তব্য রাখেন মোঃ আসাদুজ্জামান সাগির মোঃ আরিফুল ইসলাম পলাশ, শ্রীঃ রাজন কর্মকার, মোঃ ইমরান হোসেন আরও দিকনির্দেশনা মূলক বক্তব্য রাখেন সকল অতিথিবৃন্দ। আরও উপস্থিত ছিলেন শিক্ষার্থীদের অভিভাবক সহ উদয়ন

সংঘের সকল সদস্যবৃন্দ।

এছাড়াও উপস্থিত ছিলেন বিষ্ণুপুর মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকবৃন্দ।
অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উদয়ন সংঘের সাধারণ সম্পাদক মোঃ সারাফায়েত হোসেন বাবু।

কুষ্টিয়ার ডিসিসহ নতুন আক্রান্ত ৭

কুষ্টিয়ার জেলা প্রশাসক মো: আসলাম হোসেন সহ নতুন ৭ জন আক্রান্ত হয়েছে।

গতকাল শনিবার কুষ্টিয়া মেডিকেল কলেজের পিসিআর ল্যাবে জেলার ৬৮টি জনের নমুনা পরীক্ষায় কুষ্টিয়ার জেলা প্রশাসক মো. আসলাম হোসেনসহ সাতজনকে আক্রান্ত বলে শনাক্ত করা হয়েছে।

এই নিয়ে কুষ্টিয়ায় এখন পর্যন্ত ১১১ জন করোনা রোগী শনাক্ত হলো।

জেলা প্রশাসনের নেজারতে ডেপুটি কালেক্টর মুছাব্বেরুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, তিনি এখন বাসাতেই রয়েছেন।
জেলা প্রশাসক ছাড়া অন্য ছয়জন আক্রান্তের মধ্যে কুমারখালী উপজেলার পাইকপাড়াতে দুজন এবং ভেড়ামারা উপজেলার বামনপাড়া, বাহাদুরপুর ও আড়কানদিতে চারজন।

কুষ্টিয়া জেনারেল হাসপাতালের আরএমও তাপস কুমার সরকার জানান, জেলা প্রশাসক সহ গতকালকের শনাক্তের দ্বিতীয় টেস্টেও পজেটিভ এসেছে।

তিনি বলেন, কুষ্টিয়ায় আক্রান্তদের মধ্যে বর্তমানে হোম আইসোলেশনে চিকিৎসাধীন রয়েছেন ৭৯ জন এবং হাসপাতালে চিকিৎসাধীন তিনজন। ২৯ জন সুস্থ হয়েছেন। জেলায় মোট পুরুষ রোগী ৮৫, নারী ২৬ জন।

গাংনীর কাথুলীতে চাচাতো মামার লালসার শিকার প্রতিবন্ধী ভাগ্নে

মেহেরপুরের গাংনীতে চাচাতো মামার লালসার শিকারে ৩ মাসের অন্তঃসত্ত্বা হয়ে পড়েছে এক মানসিক প্রতিবন্ধী ভাগ্নে(১৪)।

গাংনীর কাথুলী ইউনিয়নের রাধাগোবিন্দপুর ধলাগ্রামে ঘটনাটি ঘটেছে। ধলা গ্রামের মৃত ওইল হকের ছেলে বানারুল ইসলাম(৫৫) এই জঘন্য কাজটি করছে বলে জানিয়েছে প্রতিবন্ধী শিশুর পিতা।

শিশুর পিতা মেহেরপুর প্রতিদিনকে বলেন, গত কয়েক দিন যাবৎ আমার মেয়ে অসুস্থ বোধ করছে। এমন অবস্থায় গ্রাম্য ডাক্তারের কাছে চিকিৎসা করাতে নিয়ে যায়। সেখানেই আমার মেয়ে ঘটনাটি আমাকে ও ডাক্তারকে বলে। তিনি আরও বলেন, আমার মেয়ে মানসিক ভারসাম্যহীন। তার চাচাতো মামা সরলতার সুযোগ নিয়ে তাকে নিয়মিত ধর্ষণ করে আসছে। পরে সে অন্ত:স্বত্তা হয়ে পড়লে বিষয়টি নজরে আসে। পরে মেহেরপুর হুদা হেলথকেয়ার সেন্টারে নিয়ে আসা হলে পরীক্ষার মাধ্যমে ৪ মাসের অন্তঃসত্ত্বা ধরা পড়ে ।

অন্যদিকে বানারুল ইসলাম বিষয়টি ধামাচাপা দেওয়ার জন্য প্রতিবন্ধীর পিতাকে নানাভাবে হুমকি দিয়ে আসছে।

এ বিষয়ে অভিযুক্ত বানারুল ইসলামের নামে মামলা করবেন বলে জানান প্রতিবন্ধী শিশুর পিতা।

মেহেরপুরে নিষিদ্ধ সংগঠন “আল্লাহর দল” এর এক সদস্য আটক

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা এলাকায় অভিযান চালিয়ে নিষিদ্ধ ঘোষিত সংগঠন “আল্লাহর দল” এক সক্রিয় সদস্যকে আটক করেছে র্যাব-৬ ঝিনাইদহ ক্যাম্পের সদস্যরা।

শনিবার ভোর রাত পোনে চারটার দিকে বৈঠক চলাকালীন সময়ে অভিযান পরিচালনা করে তাকে আটক করা হয়। আটক ব্যক্তি বুড়িপোতা গ্রামের মৃত ইউসুফ আলীর ছেলে আব্দুল জলিল।

র্যাব জানায়, আব্দুল জলিল নিষিদ্ধ ঘোষিত সংগঠন “আল্লাহর দল” এর একজন সক্রিয় সদস্য। সে আল্লাহর দল এর উপ থানা পদে কাজ করে আসছিল। সে দলের সদস্য সংগ্রহের জন্য নিয়মিত বিভিন্ন জায়গায় গোপন বৈঠক করত এবং দাওয়াতি কার্যক্রম পরিচালনা করত। আল্লাহর দল মেহেরপুর জেলার সকল সদস্যদের কাছ থেকে মাসিক চাঁদা উঠানোর দায়িত্ব পালন করে এবং সে নিজেও নিয়মিত ভাবে মাসিক চাঁদা প্রদান করে। এছাড়াও কুরআনের কিছু আয়াতের অপব্যাখ্যা করে সংগঠনের সদস্য হওয়ার জন্য বিভিন্ন সময়ে বিভিন্ন স্থানে জনগনকে উদ্বুদ্ধ করত। পরে তার বিরুদ্ধে মামলা দিয়ে চুয়াডাঙ্গা কারাগারে পাঠানো হয়েছে।

জীবননগরে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে এক নারীর মৃত্যু

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার শাখারিয়া গ্রামে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে রিজিয়া খাতুন (৬৫) নামে এক নারীর মৃত্যু হয়েছে।

শনিবার দুপুর সাড়ে ১২টার দিকে নিজ বাড়িতে এ ঘটনা „ঘটে। তিনি শাখারিয়া গ্রামের রুস্তম আলীর স্ত্রী।

পারিবারিক সূত্রে জানা গেছে, শুক্রবার রাতে মুষলধারে বৃষ্টি ও ঝড়ের কারনে বসত বাড়ির উপর দিয়ে বয়ে যাওয়া বৈদ্যুতিক লাইনের তার

ছিড়ে ঘরের টিনের উপর পড়ে। এতে টিনের চালাসহ কাপড় রাখা তারও বিদ্যুতায়িত হয়ে যায়।

শনিবার ঘর থেকে কাপড় নেওয়ার সময় রিজিয়া খাতুন বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু বরণ করেন।

কুষ্টিয়ায় ভেজাল তেল বিক্রির অপরাধে ২ জনের কারাদণ্ড

কুষ্টিয়ার কুমারখালীতে ভেজাল নারকেল তেল (প্যারাসুট) বিক্রির অপরাধে কাজী মারুফ(৩৫) ও মাসুদ রানা (২৪) নামক ২ জনকে ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করেছে ভ্রাম্যমাণ আদালত।

শনিবার দুপুরে কাজীপাড়া এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট ও নির্বাহী অফিসার রাজীবুল ইসলাম খান।

দণ্ডপ্রাপ্ত মাসুদ রানা উপজেলার সদকী ইউনিয়নেনের বানিয়াকান্দি গ্রামের আব্দুল ওহাব শেখের পুত্র ও কাজী মারুফ ঝিনাইদহ জেলার শৈলকূপা উপজেলার উমায়েতপুর গ্রামের কাজী আবুল কালাম আজাদের পুত্র।

এবিষয়ে রাজীবুল ইসলাম খান জানান,গোপন সংবাদের ভিত্তিতে উপজেলার কাজীপাড়া এলাকায় অভিযান চালিয়ে আসামীদের কাছ থেকে ৯০টি নকল প্যারাসুট নারকেল তেলের বোতল জব্দ করা হয়।পরবর্তীতে প্রকৃত তেলের সাথে রং, গন্ধ মিল না থাকায় এবং আসামীদ্বয় স্বেচ্ছায় তাদের অপরাধ স্বীকার করায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ অনুযায়ী ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়েছে।

মেহেরপুরে আরো একজন করোনায় আক্রান্ত

মেহেরপুরে আরো একজন নতুন করে করোনায় আক্রান্ত হয়েছেন। এনিয়ে জেলায় আক্রান্তের সংখ্যা দাড়ালো ২৭ । নতুন আক্রান্ত ব্যক্তির বাড়ি গাংনী উপজেলার নওদাপাড়া গ্রামে।

আজ শনিবার বিকালে মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি তার ফেসবুক স্ট্যাটাসের মাধ্যমে এ তথ্য তুলে ধরেছেন।

তিনি জানিয়েছেন, শনিবার কুষ্টিয়া পিসিআর ল্যাব থেকে ১৯টি ফলাফল পেয়েছেন। তার মধ্যে ২টি পজিটিভ আর বাকি ১৭টি নেগেটিভ। তবে ২টি পজিটিভের মধ্যে একটি নতুন অপরটি পুরাতন আক্রান্ত কেইস। এছাড়া নতুন একজন সুস্থ হয়েছেন।

প্রাপ্ত তথ্য মতে জেলায় ২৭ জন আক্রান্তের মধ্যে মারা গেছেন ২ জন, সুস্থ হয়েছেন ৭ জন এবং চিকিৎসাধীন রয়েছেন ১৮ জন। এ পর্যন্ত নমুনার ফলফল এসেছে ১১৭৬টির।

মেহেরপুরে শিশু ধর্ষনের অভিযোগে কিশোর আটক

মেহেরপুরে শিশু ধর্ষনের অভিযোগে জাকারিয়া আহমেদ(১৬) নামের এক কিশোরকে আটক করেছে সদর থানা পুলিশ।

গত ৫ জুন শুক্রবার দিবাগত রাতে সদর উপজেলার রাধাকান্তপুর গ্রাম থেকে তাকে আটক করা হয়। আটক জাকারিয়া আহমেদ রাধাকান্তপুর গ্রামের জিয়াউর রহমান জিয়ার ছেলে।

জানা যায়, গত ১৬ মে রাধাকান্তপুর গ্রামের আবুলের বাড়ির ছাদে জাকারিয়া ৫ বছরের এক শিশু কন্যাকে ধর্ষন করে। এ ঘটনায় শিশু কন্যার পিতা বাদি হয়ে গত ১৮ মে মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়ের করে, যার নাম্বার- ১৩।

স্থানীয় ইউপি সদস্য ইসমাইল হোসেন জানান, আমি ধর্ষনের বিষয়ে কিছুটা শুনেছি। পারিবারিক ভাবে মিমাংশার জন্য আমাকে বলেছিল। কিন্তু আমি যায়নি। তবে অভিযুক্ত জাকারিয়ার পরিবারের অভিযোগ, আমার ছেলেকে ফাঁসানোর জন্য মামলা করা হয়েছে।

মেহেরপুর সদর থানার এসআই আহসান হাবিব বলেন, গত শুক্রবার রাধাকান্তপুর থেকে ধর্ষন মামলার আসামী জাকারিয়াকে আটক করা হয়েছে। শনিবার তাকে চালান করা হয়েছে।

মেপ্র/এমএফআর